

১৭ আগস্টেই এইচএসসি পরীক্ষা, ৪৩ দিন বন্ধ থাকবে কোচিং সেন্টার

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ১৬:৪৭, ৮ আগস্ট ২০২৩; আপডেট: ১৬:৪৮, ৮ আগস্ট ২০২৩



শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি।

আগামী ১৭ আগস্টেই এইচএসসি পরীক্ষা শুরু হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। মঙ্গলবার (৮ আগস্ট) রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে এইচএসসি পরীক্ষা নিয়ে আয়োজিত ব্রিফিংয়ে এ কথা বলেন মন্ত্রী।

এসময় আগামী ১৪ আগস্ট থেকে ২৫ সেপ্টেম্বর পর্যন্ত সারা দেশে ৪৩ দিন কোচিং সেন্টার বন্ধ থাকবে বলেও জানান তিনি।

শিক্ষামন্ত্রী বলেন, আসন্ন এইচএসসি ও সমমান পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের গুজব ও নকলমুক্ত পরিবেশে সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে ১৪ আগস্ট থেকে ২৫ সেপ্টেম্বর পর্যন্ত সব কোচিং সেন্টার বন্ধ থাকবে।